

আমাদেরময়

ঢাবি প্রষ্টরের কাছে নিরাপত্তা চাইলেন সেই ছাত্রলীগ নেত্রী

ঢাবি প্রতিবেদক

৬ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ৬ জানুয়ারি ২০২১ ০০:১০



আমাদেরময়

নিরাপত্তা ও স্বাভাবিক চলাফেরার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রষ্টরের কাছে আবেদনপত্র দিয়েছেন রোকেয়া হলের সাবেক এজিএস ও ছাত্রলীগ নেত্রী ফাল্গুনী দাস তঙ্গী। গত সোমবার প্রষ্টরের কাছে এ আবেদন দেন তিনি। গত ২১ ডিসেম্বর মধ্যরাতে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু টাওয়ার এলাকায় ছাত্রলীগের যুগ্ম সাধারণ সম্পাদক বেনজীর হোসেন নিশি ও শামসুন নাহার হল শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক জিয়াসমিন শাস্তা কর্তৃক হামলার শিকার হয়েছিলেন ফাল্গুনী।

প্রষ্টরের কাছে দেওয়া চিঠিতে ফাল্গুনী লিখেছেন, কোভিড পরিস্থিতির কারণে শিক্ষার্থীদের হল ত্যাগের নির্দেশ দিলে আমিও হল ত্যাগ করি এবং দীর্ঘদিন নিজ বাড়িতে থাকি। পরবর্তীতে ব্যক্তিগত কারণে আমি ঢাকা এসে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বঙ্গবন্ধু টাওয়ারে অবস্থান করি। এর মধ্যে বিগত ২১ ডিসেম্বর আনুমানিক রাত সোয়া ১টার পর বঙ্গবন্ধু টাওয়ারের সামনে সংগীত বিভাগের বেনজীর হোসেন নিশি এবং ইসলামিক স্টাডিজ বিভাগের জিয়াসমিন শাস্তা কর্তৃক আমি হামলার শিকার

হই। সেখানে তাদের সহযোগী হিসেবে উপস্থিত ছিল ফার্সি বিভাগের মো. শাহজালাল। এ ঘটনার পর আমি ভীতসন্ত্র হয়ে আছি এবং নিরাপত্তাহীনতায় ভুগছি। সার্বিক পরিস্থিতি বিবেচনায় আমার নিরাপত্তা ও স্বাভাবিক চলাফেরার জন্য আপনার সদয় অবগতি কামনা করছি।

এ বিষয়ে প্রক্টর অধ্যাপক ড. একেএম গোলাম রাবুনী বলেন, তার আবেদনপত্রটি পেয়েছি। সে আমাদের থেকে কী কী ভাবে নিরাপত্তা চায়, সেটি নিয়ে আলোচনা করেছি। তাকে কয়েকটি যোগাযোগ নম্বর দেওয়া হয়েছে। এ ছাড়া দুজন সহকারী প্রক্টরের সঙ্গে তাকে যোগাযোগ করতে বলা হয়েছে। একইসঙ্গে গভীর রাতে একা চলাফেরা করা থেকে সাময়িক বিরত থাকতে অনুরোধ করেছি। কোনো কিছু সন্দেহজনক মনে হলে আমাদের জানাতে বলেছি। আর মারামারির বিষয়টি একটি ফৌজদারি ইস্যু। এ বিষয়ে সে যদি কোনো আইনগত ব্যবস্থা নেয়, তাহলে আমরা সহযোগিতা দেওয়ার কথা বলেছি।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক
আমাদের শম্ভু

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

[Privacy Policy](#)